

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৯৭

১৩. কিতাবুল হজ্ব (کتاب الحج)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি বাইতুল্লাহ'য় যাওয়ার সামর্থ রাথে, তার জন্য জীবনে একবার হজ করা ফরয; প্রত্যেক বছর নয় মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ فَرْضَ اللَّهِ جَلَّ وَعَلَا الْحَجَّ عَلَى مَنْ وَجَدِ إِلَيْهِ سَبِيلًا فِي عُمْرِهِ مَرَّةً وَاحِدَةً لَا فِي كُلِّ عَامِ

আরবী

7697 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّد الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ زِيَادٍ عَنْ أَبِي النَّصْدُرُ بْنُ شُمَيْلٍ قَالَ: حَطَبَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم النَّاسَ فَقَالَ: (يَا أَيُّهَا النَّاسُ إِنَّ اللَّهَ هُرَيْرَةَ قَالَ: خَطَبَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم النَّاسَ فَقَالَ: (يَا أَيُّهَا النَّاسُ إِنَّ اللَّهَ فَرَضَ عَلَيْكُمُ الْحَجَّ) فَقَامَ رَجُلٌ فَقَالَ: أَوَفِي كُلِّ عَامٍ ؟ حَتَّى قَالَ ذَلِكَ ثَلَاثَ مَرَّاتٍ فَرَصَى عَلَيْكُمُ الْحَجَّ) فَقَامَ رَجُلٌ فَقَالَ: (لَوْ قُلْتُ: نَعَمْ لَوَجَبَتْ وَلَوْ وَجَبَتْ لَمَا قُمْتُمْ بِهِ) ثُمَّ قَالَ: (لَوْ قُلْتُ: نَعَمْ لَوَجَبَتْ وَلَوْ وَجَبَتْ لَمَا قُمْتُمْ بِهِ) ثُمَّ قَالَ: (لَوْ قُلْتُ: نَعَمْ لَوَجَبَتْ وَلَوْ وَجَبَتْ لَمَا قُمْتُمْ بِهِ) ثُمَّ قَالَ: (ذَرُونِي مَا تَرَكْتُكُمْ فَإِنَّمَا هَلَكَ مَنْ كَانَ قَبْلَكُمْ بِسُوّالِهِمْ وَاخْتِلَافِهِمْ عَلَى أَنْبِيَائِهِمْ فَمَا أَمْرتُكُمْ مِنْ شَيء فَاجَتنبوه). أَمْرتُكُمْ مِنْ شَيءٍ فَأَتُوا مِنْهُ مَا اسْتَطَعْتُمْ وَمَا نَهَيْتُكُمْ مِنْ شَيء فاجتنبوه). الراوي: أَبُو هُرَيْرَةَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 6966 ا خلاصة حكم المحدث: صحيح – ((الإرواء))) (980): م ، وفيه: ((ذروني ...)).

বাংলা

৩৬৯৭. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার লোকদের উদ্দেশ্যে ভাষণে বলেন, "হে লোকসকল, নিশ্চয়ই আল্লাহ তোমাদের উপর হজ ফর্য করে দিয়েছেন।" তখন এক ব্যক্তি দাঁড়িয়ে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এটা কি প্রত্যেক বছর?" রাবী বলেন, "এটা তিনি তিনবার বলেন। আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার থেকে মুখ ফিরিয়ে নেন। অতঃপর তিনি বলেন, "যদি আমি 'হ্যাঁ' বলতাম, তবে সেটা ওয়াজিব হয়ে যেতা। আর যদি



সেটা ওয়াজিব হয়ে যেতো, তবে তোমরা সেটা পালন করতে পারতে না।" তারপর তিনি বলেন, "আমি যেই বিষয় (নিয়ে আলোচনা) ছেড়ে দেই, তোমরা আমাকে সেই বিষয়ে (প্রশ্ন করা) ছেড়ে দিবে। কেননা তোমাদের পূর্ববর্তী লোকেরা তাদের নাবীদেরকে (অধিক) প্রশ্ন করা এবং তাঁদের ব্যাপারে মতভেদ করার কারণে ধ্বংস হয়ে গেছে। কাজেই যখন আমি তোমাদেরকে কোন কিছু করতে আদেশ করি, তখন তোমরা সেখান থেকে সাধ্যমত আমল করো, যখন আমি তোমাদেরকে কোন কিছু করতে নিষেধ করি, তখন তোমরা তা থেকে দূরে থাকবে।" [1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৫০৮; সহীহ মুসলিম: ১৩৩৭; সুনান বাইহাকী: ৪/৩২৬; নাসাঈ: ৫/১১০-১১১; দারাকুতনী: ২/২৮১; তাবারী: ১২৮০৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৯৮০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন